NIS ২.৪(২৮.৩০.১২.২২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

ই-মেইল : dg@bsb.gov.bd

নম্বর ২৪.০৬.০০০০.০১৩.১৫.০০২.১২.১৩৬

তারিখ ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: "রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার নোটিশ।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ" শীর্ষক প্রকল্পের প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ১৫/১২/২০২২ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.২০ ঘটিকায় কমিটির আহবায়ক ও মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি,আই,সি) এর সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. প্রকল্পের নভেম্বর/২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৪. ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের আওতায় এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫. বিবিধ।

১৩-১২-২০২২
মোঃ সিরাজুর রহমান
গবেষণা কর্মকর্তা (পরিকল্পনা) (অতিরিক্ত

দায়িত্ব)
ফোন: ০৭২১৭৭৫৬৮৫
ফ্যাক্স: ০২৫৮৮৮-৫৩৫৯২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

২) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৩) সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন। (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৪) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৫) সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৬) মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৭) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৮) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৯) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

১০) প্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১১) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১২) কেয়ার টেকার, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১৩) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (জুম প্লাটফর্মের প্রয়োজনীয় ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
www.bsb.gov.bd

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৫.০০২.১২.৭

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

**"রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যবিবরণী।**

সভাপতি : শ্যাম কিশোর রায়, মহাপরিচালক
সভার তারিখ : ১৫/১২/২০২২ ইং
সভার সময় : বেলা ১১.২০ ঘটিকা
স্থান : প্রধান কার্যালয়, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয়ের উপর প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব কে অনুরোধ জানান। সদস্য সচিব বিগত ০৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তা পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত সভার সিদ্ধান্তে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়িকরণ করা হয়।

অতঃপর সদস্য সচিব জানান যে, বর্তমানে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড সীমিত জনবল ও সম্পদের সাহায্যে বৃহত্তর রংপুরের নির্ধারিত এলাকায় রেশম চাষের জন্য "রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ" শীর্ষক প্রকল্পটিএপ্রিল/২০১৯- জুন/২০২৩ মেয়াদের ২৪৪৮.০০ লক্ষ টাকা ব্যয়ে চলমান রয়েছে।

প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের শুরু থেকে নভেম্বর/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৫৩০.৩০ লক্ষ টাকা। যার আর্থিক অগ্রগতি ৬২.০২% এবং বাস্তব অগ্রগতি ৭৫%। চলতি ২০২২-২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দ রয়েছে ১১১৬.০০ লক্ষ টাকা। নির্ধারিত সরকারী নির্দেশনা মোতাবেক ২৫% অর্থ সংরক্ষণের পর বরাদ্দ নির্ধারণ করা হয়েছে ৭৯৯.৩৫ লক্ষ টাকা। চলতি অর্থ বছরের নভেম্বর/২২ পর্যন্ত ১ম কিস্তির ১৯৯.৮৪ লক্ষ টাকা ছাড় হয়েছে। নভেম্বর/২২ মাস পর্যন্ত ১৯৯.৬৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এছাড়া ২য় কিস্তির অর্থ ছাড়ের জিও জারী হয়েছে। এডিপি বরাদ্দ মোতাবেক আর্থিক অগ্রগতি ১৭.৮৮% বাস্তব অগ্রগতি ২০% ।

প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২২-২৩ অর্থ বছরে এপিএ`র লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৭টি পল্লীতে ৬২০টি পলুঘর বিতরণ করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ১ম কোয়ার্টারের জন্য নির্ধারিত ১২০টি পলুঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ২য় কিস্তিতে নির্ধারিত ২৫০টি পলুঘরের মধ্যে ইতোমধ্যে ১৫০টি পলুঘরের নির্মাণ সম্পন্ন হয়েছে। প্রকল্পের শুরু থেকে এপর্যন্ত ৭.০০ লক্ষ চারা বিতরণ সম্পন্ন হয়েছে। চলতি অর্থ বছরে ২০ বিঘা জমিতে ১.০০ লক্ষ্য চারা উৎপাদন করে সম্প্রসারণ এলাকায় বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে ৫০৫ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ১৭৫ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। চলতি ডিসেম্বর/২২ মাসে আরো ৯৫ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে ইতোমধ্যে ০.৫৮২ লক্ষ ডিম উৎপাদন সম্পন্ন হয়েছে অবশিষ্ট ডিম উৎপাদনের কার্যক্রম চলমান রয়েছে।

সভায় প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা হয় তাহলে এর সফলতা অনেকাংশে বৃদ্ধি পাবে।এবিষয়ে জনাব তাহের হক, যুগ্ম প্রধান, পরিকল্পনা কমিশ প্রকল্পের লক্ষ্যমাত্রা ১৮ মে.টন কাঁচা

করতে হলে ০১ বছর মেয়াদ বৃদ্ধি প্রয়োজন কারণ একবছর মেয়াদ বৃদ্ধি হলে চাষীদের অধিকাংশ তুত হবে এবং কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারবে।

প্রকল্পের বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্ত :

১। প্রকল্পের শতভাগ কার্যক্রম জুন/২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

২। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে জানুয়ারী ২০২৩ মাসের মধ্যেই প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩। ২০২২-২৩ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি তথা মহাপরিচালক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২-১-২০২৩

মোহাম্মদ এমদাদুল বারী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০৭২১৭৭৫৮১৬
ফ্যাক্স: ০৭২১৭৭৩৫৯২
ইমেইল: bsb.raj.bd@gmail.com

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৫.০০২.১২.৭/১

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
২) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৪) যুগ্ম-সচিব, পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৫) উপসচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৬) প্রকল্প পরিচালক, রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে রংপুর জেলার দারিদ্র বিমোচন প্রকল্প
৭) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৮) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী

২-১-২০২৩

মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
## রাজশাহী

১৫/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত “রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ” শীর্ষক প্রকল্পের পিআইসি সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের স্বাক্ষর

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোহাম্মদ আসাদুল বারী | পরিচালক (সম্প্রসারণ) ও প্রকল্প পরিচালক | 15/12/22 |
| ২. | মো: লুৎফর রহমান তালুকদার | নির্বাহী প্রকৌশলী | 15/12/22 |
| ৩. | মো: মিরাজুর রহমান | উপ প্রধান [illegible] | |
| ৪. | মো: মাহবুবুর রহমান | প্রধান সম্প্রসারণ কর্মকর্তা | 15/12/22 |
| ৫. | মোহাম্মদ সাইফুল্লাহ | হিসাবরক্ষক | |
| ৬. | মোসা: ফাতেমা রহমান | পরিসংখ্যান কর্মকর্তা | 15/12/22 |
| ৭. | মো: [illegible] | [illegible] | |
| ৮. | মো: [illegible]উল্লাহ | [illegible] | |
| ৯. | | | |
| ১০. | | | |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

নম্বর ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.১৩৭

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভা।**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ১৫/১২/২০২২ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.৪০ ঘটিকায় কমিটির আহবায়ক ও মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী এর মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি,আই,সি) এর সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. প্রকল্পের নভেম্বর/২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৪. ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের আওতায় এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫. বিবিধ।

১৩-১২-২০২২
মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০৭২১৭৭৫৬৮৫
ফ্যাক্স: ০২৫৮৮৮-৫৩৫৯২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, আইএমইডি (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
২) সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।, সচিব,

দায়িত্ব)
ফোন: ০৭২১৭৭৫৬৮৫
ফ্যাক্স: ০২৫৮৮৮-৫৩৫৯২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

২) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৩) সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন। (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৪) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৫) সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৬) মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৭) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৮) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৯) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

১০) প্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১১) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১২) কেয়ার টেকার, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১৩) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (জুম প্লাটফর্মের প্রয়োজনীয় ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
www.bsb.gov.bd

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.৬

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

**"বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব শ্যাম কিশোর রায়, মহাপরিচালক

সভার তারিখ : ১৫/১২/২০২২ ইং

সময় : বেলা ১১.৪০ ঘটিকা

স্থান : বাংলাদেশ রেশম উন্নয়নের বোর্ডের সম্মেলন কক্ষ

উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত করা হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয়ের উপর প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব কে অনুরোধ জানান। সদস্য-সচিব বিগত ০৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তা পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়িকরণ করা হয়। সদস্য সচিব জানান দেশে রেশম চাষ ও রেশম শিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে"বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)"শীর্ষক প্রকল্পটি ৪৯৭৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০২১ হতে জুন, ২০২৪ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি সরকার কর্তৃক অনুমোদিত হয়।এছাড়া তিনি আরো জানান প্রকল্প গত ১৮/০৭/২০২১ তারিখে ২৯২নং স্মারকে অনুমোদিত হয়েছে।

প্রকল্প পরিচালক জানান প্রকল্পের শুরু থেকে নভেম্বর/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৯৭.৬৯ লক্ষ টাকা। যার আর্থিক অগ্রগতি ৫.৯৯% এবং বাস্তব অগ্রগতি ৮%। চলতি ২০২২-২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দ রয়েছে ৫৫১.০০ লক্ষ টাকা। নির্ধারিত সরকারি নির্দেশনা মোতাবেক ২৫% অর্থ সংরক্ষণের পর বরাদ্দ নির্ধারণ করা হয়েছে ৪১৩.২৫ লক্ষ টাকা। ১ম কিস্তির ১০৩.৩১ লক্ষ টাকা ছাড় হয়েছে। চলতি অর্থ বছরের নভেম্বর/২২ পর্যন্ত ৮২.৩৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে যার আর্থিক অগ্রগতি ১৪.৯৪% এবং বাস্তব অগ্রগতি ১৮%। তিনি আরো জানান চলতি ২০২২-২৩ অর্থ বছরে এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী রেশম চাষ সম্প্রসারণের লক্ষ্যে ৫.২৫ লক্ষ তুঁতচারা উৎপাদন ও বিতরণ করা হবে এবং ৩৭৫ জনের প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য নির্ধারিত রয়েছে। নভেম্বর/২২ পর্যন্ত ১৭৫ জন রেশম চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২২-২৩ অর্থ বছরে ''বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ে সম্প্রসারণ এলাকায় ফার্মিং পদ্ধতিতে তুঁতচাষ করার লক্ষ্যে ৩০৩ জন রেশম চাষী/উদ্যোক্তার তালিকা পাওয়া গেছে। উক্ত তালিকা ডিপিপি এর নির্দেশনা অনুযায়ী গত পিআইসি সভায় অনুমোদন পাওয়া গেছে। তিনি আরো জানান গত ১৪/১২/২০২২ তারিখ পর্যন্ত ফার্মিং পদ্ধতিতে ২২৪ বিঘা জমিতে তুঁতচারা রোপণ কার্যক্রম এবং ৮২ বিঘা জমিতে তুঁত কাটিংস রোপণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

| প্রকল্প এলাকা | চাষীর সংখ্যা | জমির পরিমাণ |
|---|---|---|

| | | |
|---|---|---|
| রংপুর সম্প্রসারণ এলাকা | ৮৭ জন | ৮৭ জন |
| ঢাকা সম্প্রসারণ এলাকা | ১০ জন | ১০ জন |
| রাজশাহী সম্প্রসারণ এলাকা | ৪০ জন | ৪০ জন |
| ভোলাহাট সম্প্রসারণ এলাকা | ৯২ জন | ৯২ জন |
| ঠাকুরগাঁও সম্প্রসারণ এলাকা | ২৮ জন | ২৮ জন |
| সিরাজগঞ্জ সম্প্রসারণ এলাকা | ১৩জন | ১৩ জন |
| বগুড়া সম্প্রসারণ এলাকা | ১৩জন | ১৩ জন |
| গোপালগঞ্জ সম্প্রসারণ এলাকা | ২০জন | ২০জন |
| মোট | ৩০৩জন | ৩০৩ জন |

সভায় পরিকল্পকনা কমিশনের কার্যক্রম বিভাগের প্রতিনিধি জনাব বাবুলাল রবিদাশ জানান, প্রকল্পের আর্থিক অগ্রগতি অনেক কম, সেক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধির বিষয়ে কোন প্রস্তাবনা থাকলে তা জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এবিষয়ে মহাপরিচালক বলেন বর্ণিত প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধি করার প্রয়োজন হবে। আইএমইডি এর উপপরিচালক জনাব সমর কান্তি বসাক জানান তিনি সিরাজগঞ্জ জেলায় প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেছেন মর্মে সভায় সন্তোষ প্রকাশ করেন । সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

১। চলতি ২০২২-২৩ অর্থ বছরে আরএডিপি তে প্রকল্পের বরাদ্দ বৃদ্ধির জন্য প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

২। ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী শতভাগ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

৩। ২০২২-২৩ অর্থ বছরে এপিএ এর লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি তথা মহাপরিচালক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২-১-২০২৩

মোহাম্মদ এমদাদুল বারী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০৭২১৭৭৫৮১৬
ফ্যাক্স: ০৭২১৭৭৩৫৯২
ইমেইল: bsb.raj.bd@gmail.com

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.৬/১(১২)

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২) সচিব , অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়

৩) উপসচিব , পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৪) পরিচালক , অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৫) পরিচালক(সম্প্রসারণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

সিনিয়র সহকারী সচিব , পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

) প্রধান, সংশ্লিষ্ট উইং/সেক্টর, পরিকল্পনা কমিশন

৮) প্রধান, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন

৯) প্রধান , (সংযুক্ত) এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

১০) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) , সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১১) নির্বাহী প্রকৌশলী , উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১২) পি,এ -টু-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

২-১-২০২৩
মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
## রাজশাহী

১৫/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের পিআইসি সভায় উপস্থিত সন্মানিত সদস্যগনের স্বাক্ষর

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ড. এম. এ. মান্নান | পরিচালক (গবেষণা) | [signature] |
| ২. | মোহাম্মদ ইমদাদুল বারী | পরিচালক (সম্প্রসারণ) | [signature] ১৫/১২/২২ |
| ৩. | মো: মাহবুবুর রহমান | প্রকল্প পরিচালক | [signature] ১৫/১২/২২ |
| ৪. | মো: লুৎফর রহমান তালুকদার | নির্বাহী প্রকৌশলী | [signature] ১৫/১২/২২ |
| ৫. | মো: মিজানুর রহমান | [illegible] | [signature] ১৫/১২/২২ |
| ৬. | মোহাম্মদ সাইফুল্লাহ | কর্মকর্তা হিসাব | [signature] |
| ৭. | মোসা: ফাতেমা [illegible] | [illegible] কর্মকর্তা | [signature] ১৫/১২/২২ |
| ৮. | [illegible] | [illegible] | [signature] |
| ৯. | মো: [illegible] | [illegible] | [signature] |
| ১০. | | | |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |
| ১৫. | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

ই-মেইল : dg@bsb.gov.bd

তারিখ ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২

নম্বর ২৪.০৬.০০০০.০১৩.১৪.১৪৭.১৮.১৩৫

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **"রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন " শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা।**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ১৫/১২/২০২২ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় কমিটির আহবায়ক ও মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী এর মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি,আই,সি) এর সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. প্রকল্পের নভেম্বর/২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৪. ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের আওতায় এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫. বিবিধ।

১৩-১২-২০২২

মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০৭২১৭৭৫৬৮৫
ফ্যাক্স: ০২৫৮৮৮-৫৩৫৯২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

২) সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৩) সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৪) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৫) প্রধান , শিল্প ও শক্তি বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৬) মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৭) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৮) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৯) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

১০) প্রকল্প পরিচালক,"রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন " শীর্ষক প্রকল্প

১১) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১২) কেয়ার টেকার, প্রশাসন (সভায় আপ্যায়নের জন্য অনুরোধ করা হলো।)

১৩) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (জুম প্লাটফর্মের প্রয়োজনীয় ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
'রেশমচাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য
জেলা সমূহের দারিদ্র বিমোচন' শীর্ষক প্রকল্প বাংলাদেশ
রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
www.bsb.gov.bd

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.১৪৭.১৮.১

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

## " রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের পিআইসি সভার কার্যবিবরণী

সভাপতি : শ্যাম কিশোর রায়, মহাপরিচালক
সভার তারিখ : ১৫/১২/২০২২ ইং
সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা
স্থান : বাংলাদেশ রেশম উন্নয়নের বোর্ডের সম্মেলন কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত করা হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয়ের উপর প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সিরাজুর রহমান, উপপ্রধান পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান। সদস্য সচিব বিগত ০৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তা পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত সভার সিদ্ধান্তে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়িকরণ করা হয়।

অতঃপর সদস্য সচিব জানান যে, দেশে রেশম চাষ ও রেশম শিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে "রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন (১ম সংশোধিত)" শীর্ষক ২৫০৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১৭ হতে জুন, ২০২২ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি সরকার কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ১৯/০২/২০১৮ তারিখের ২৪.০৫.০০০০.৪৩২.২০.০৩.২০১৬-৪৭ নং স্মারকে প্রশাসনিক আদেশ জারি হয়। পরবর্তীতে ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন এবং প্রকল্পের শতভাগ ফিজিক্যাল কার্যক্রম সম্পন্নের জন্য প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুলাই/২০১৭ থেকে জুন/২০২২ এর পরিবর্তে জুলাই/২০১৭ থেকে জুন/২০২৩ মেয়াদে ২৪৪৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ম সংশোধন ০১/১২/২০২১ইং তারিখে ২৪.০০.০০০০.২০৭.১৪.১৬.২১.৪৪৭ নং স্মারকে অনুমোদিত হয়।

প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের শুরু হতে নভেম্বর/২২ পর্যন্ত ১৬৬৩.৬৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে যার আর্থিক অগ্রগতি ৬৮.০২% এবং বাস্তব অগ্রগতি ৭৫%। চলতি ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পের এডিপি বরাদ্দ রয়েছে ৮৩৩.০০ লক্ষ টাকা। সরকারী নির্দেশনা মোতাবেক ২৫% অর্থ সংরক্ষণের পর বরাদ্দ নির্ধারণ করা হয়েছে ৬২১.৭৫ লক্ষ টাকা। চলতি অর্থ বছরের সেপ্টেম্বর/২২ পর্যন্ত ১ম কিস্তির ১৫৫.৪৩ লক্ষ টাকা ছাড় হয়েছে। নভেম্বর/২২ পর্যন্ত ১০৯.৯৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার আর্থিক অগ্রগতি ১৩.১০% এবং বাস্তব অগ্রগতি ২০%।

প্রকল্পের চলমান নির্মাণ কাজ সংক্রান্ত অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক জানান, চলতি অর্থ বছরে প্রকল্পের অ চাকী রিয়ারিং কাম ডেমোনেষ্ট্রেশন কেন্দ্র নির্মাণ ও ১টি সিল্ক রিলিং উইভিং প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ কার্যক্রম সম্প এক্ষেত্রে প্রকল্প পরিচালক সভায় উক্ত নির্মাণ কাজের স্থির চিত্র প্রদর্শন করেন।

প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২২-২৩ অর্থ বছরে এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী রেশম সম্প্রসারণ কর্মকান্ডের বাস্তবায়নে ক্ষেত্রে ০৪টি পল্লীতে ২০০টি পলুঘর বিতরণ করা হবে। ২য় কোয়ার্টারে ১০০টি পলুঘর নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। উক্ত কাজ বাস্তবায়নের জন্য চাষীদের তালিকা চুড়ান্ত করা হয়েছে। চলতি ডিসেম্বর/২২ মাসেই ১০০টি পলুঘর নির্মাণের কাজ শেষ করা হবে। চলতি অর্থ বছরে ১.৬০ তুঁত চারা ৩২ বিঘা জমিতে উৎপাদন করে চাষীদের মাঝে বিতরণ ও রোপন সম্পন্ন হয়েছে। চলতি ২০২২-২৩ অর্থ বছরে ২৬৫ জনের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা আছে। ইতোমধ্যে ১৮৫ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অবিশিষ্ট ৮০ জনের প্রশিক্ষণ মার্চ/২০২২ মাসের মধ্যে সম্পন্ন হবে। ২০২২-২৩ অর্থ বছরে ইতোমধ্যে ০.৭০ লক্ষ ডিম উৎপাদন সম্পন্ন হয়েছে অবশিষ্ট ডিম উৎপাদনের কার্যক্রম চলমান রয়েছে।

সভায় প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা হয় তাহলে এর সফলতা অনেকাংশে বৃদ্ধি পাবে। লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে ০১ বছর মেয়াদ বৃদ্ধি প্রয়োজন কারণ একবছর মেয়াদ বৃদ্ধি হলে অধিকাংশ তুতব্লক এবং আইডিয়াল পল্লীর মেয়াদ পূর্ণ হবে এবং তুত গাছ উৎপাদনশীল হবে এবং কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারবে। এবিষয়ে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের উপপ্রধান জনাব বাবুলাল রবিদাস জানান যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে নির্ধারিত সময়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। শিল্প ও শক্তি বিভাগের জনাব তাহের হক, যুগ্ম প্রধান, পরিকল্পনা কমিশন জানান যে, যদি প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধি করার প্রয়োজন হয় তাহলে প্রকল্প শেষ হওয়ার ০৪ মাস পূর্বে প্রস্তাব আইএমইডি ও শিল্প শক্তি বিভাগে প্রেরণ করতে হবে। অতঃপর মহাপরিচালক মহোদয় বলেন যে, যদি প্রকল্পের সফলতা বৃদ্ধির জন্য মেয়াদ বৃদ্ধি একান্ত অপরিহার্য হয় তাহলে তাহলে বিষয়টি বিবেচনায় নেয়া যেতে পারে।

সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত :

১। প্রকল্পের চলতি অর্থ বছরের জন্য নির্ধারিত সকল কার্যক্রম শতভাগ সম্পন্ন করতে হবে।

২। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে জানুয়ারী/২৩ মাসের মধ্যেই প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩। প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরে এপিএ এর শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি তথা মহাপরিচালক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করবেন।

২-১-২০২৩
মোহাম্মদ এমদাদুল বারী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০৭২১৭৭৫৮১৬
ফ্যাক্স: ০৭২১৭৭৩৫৯২
ইমেইল: bsb.raj.bd@gmail.com

.বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.১৪৭.১৮.১/১(১০)

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

৩) সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন

৪) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

৫) প্রধান, শিল্প ও শক্তি বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৭) যুগ্ম-সচিব, পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৮) উপসচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৯) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১০) প্রকল্প পরিচালক, "রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প

২-১-২০২৩
মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)

## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
## রাজশাহী

১৫/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত "রেশম চাষ সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পার্বত্য জেলা সমূহের দারিদ্র বিমোচন" শীর্ষক প্রকল্পের পিআইসি সভায় উপস্থিত সন্মানিত সদস্যগনের স্বাক্ষর

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোহাম্মদ এমদাদুল বারী | পরিচালক (সম্প্রসারণ) | [signature] ১৫/১২/22 |
| ২. | মোঃ লুৎফর রহমান তালুকদার | উপ নির্বাহী প্রকৌঃ | [signature] ১৫/১২/22 |
| ৩. | মোঃ মিজানুর রহমান | প্রকল্প পরিচালক | [signature] |
| ৪. | মোঃ মাহবুবুর রহমান | প্রধান সম্প্রসারণ কর্মকর্তা | [signature] ১৫/১২/২২ |
| ৫. | মোঃ তরিকুল ইসলাম | সম্প্রসারণ কর্মকর্তা | [signature] ১৫/১২/২২ |
| ৬. | মোহাম্মদ সাইফুল্লাহ | [illegible] | [signature] |
| ৭. | মোসা: ফাতেমা [illegible] | [illegible] কর্মকর্তা | [signature] ১৫/১২/22 |
| ৮. | [illegible] হোসেন | [illegible] (অঃদাঃ) | [signature] |
| ৯. | মোঃ [illegible] | [illegible] | [signature] |
| ১০. | মোঃ আহমদুল্লাহ | [illegible] | [signature] |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |
| ১৫. | | | |